তারিখ ১৯ SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

সংবাদ

ক্যাম্পাস



# ইবিতে ভর্তির আবেদন শুরু

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষের ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। ভর্তিচ্ছুরা আগামী ২০ অক্টোবর রাত ১২টা পর্যন্ত টেলিটক সিমের মাধ্যমে এসএমএস করে ভর্তির আবেদন করতে পারবেন। এ বছর প্রত্যেকটি ইউনিটের ভর্তি আবেদন ফরমের মূল্য ৪৫০ টাকা নির্ধারণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে রেজিস্ট্রার এস এম আব্দুল লতিফ স্বাক্ষরিত ভর্তি নির্দেশিকায় প্রকাশ করা হয়েছে। এ বছর ৫টি অনুষদে ৮টি ইউনিটের অধীনে মোট ২৫টি বিভাগে ১৬৯৫ জন শিক্ষার্থী ভর্তি হতে পারবেন। ধর্মতত্ত্ব ও ইসলামিক স্টাডিস অনুষদভুক্ত 'এ' ইউনিটে আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিস, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিস এবং আল-হাদিস এন্ড ইসলামিক স্টাডিস এই তিনটি বিভাগে ভর্তির জন্য শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। 'এ' ইউনিটের প্রত্যেকটি বিভাগে পৃথকভাবে ৮০ জন শিক্ষার্থী ভর্তি হতে পারবেন। ভর্তি পরীক্ষায় আবেদন করার জন্য মানবিক শাখায় এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় আলাদাভাবে জিপিএ ৩.০০ এবং একত্রে জিপিএ ৬.৫০ লাগবে। বাণিজ্য শাখায় এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় আলাদাভাবে জিপিএ ৩.২৫ এবং একত্রে জিপিএ ৬.৭৫ লাগবে। এছাড়া বিজ্ঞান শাখায় এসএসসি এবং এইচএসসি পাশকৃত শিক্ষার্থীদের এই ইউনিটে আবেদন করার জন্য আলাদাভাবে জিপিএ ৩.২৫ এবং একত্রে জিপিএ ৭.০০ লাগবে।। মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'বি' 'সি' এই দুইটি ইউনিট রয়েছে। ''বি' ইউনিটে বাংলা, ইংরেজী, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং ফোকলোর স্টাডিস এই ৫ টি বিভাগে শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। বাণিজ্য ও মানবিক শাখায় এসএসসি এবং এইচএসসি পাশকৃত শিক্ষার্থীদের আলাদাভাবে জিপিএ ৩.২৫ এবং একত্রে জিপিএ ৬.৭৫ লাগবে। আইন ও শরীয়াহ অনুষদভুক্ত 'এইচ' ইউনিটে আইন ও মুসলিম বিধান বিভাগ, আল-ফিকহ বিভাগ রয়েছে। আইন ও মুসলিম বিধান বিভাগে ৮০ টি আসন এবং আল-ফিকহ বিভাগে ৬০টি আসন রয়েছে। ১৫ জানুয়ারী ২০১৭ থেকে ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ক্লাস শুরু হবে। এছাড়া ভর্তি আবেদন সংক্রান্ত সকল তথ্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইট-www.iu.ac.bd জানা যাবে।